

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড  
প্রবাসী কল্যাণ ভবন  
৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা।  
(www.wewb.gov.bd)

নং-৪৯.০৪.০০০০.০০৫.১৯২৪২.১৩(০৫)-৩৭১

তারিখ: ১৫/১১/২০১৬খ্রিঃ।

বিষয়: জুলাই-অক্টোবর, ২০১৬ পর্যন্ত ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের গুরুত্বপূর্ণ অর্জন সমূহ।।

সূত্র : প্রকবৈকম এর পত্র নং- ৪৯.০০.০০০০.০০.০১৬.১৬.০৬৩.১৬-৩৬৪; তারিখঃ ১৩/১১/২০১৬খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জুলাই-অক্টোবর, ২০১৬ পর্যন্ত ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের গুরুত্বপূর্ণ অর্জনসমূহের তথ্য নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

**গুরুত্বপূর্ণ অর্জন সমূহ (জুলাই-অক্টোবর, ২০১৬ পর্যন্ত):**

**মৃতদেহ আনয়ন :** প্রবাসে মৃত ১১০৪ জন কর্মীর মৃতদেহ দেশে আনয়ন এবং বিমানবন্দর হতে তাদের পরিবারের নিকট হস্তান্তর করা হয়েছে।

**মৃতদেহ পরিবহণ ও দাফন খরচ প্রদান:** প্রবাসে মৃত্যুবরণকারী কর্মীর মৃতদেহ দেশে পৌঁছালে বিমানবন্দর হতে পরিবারের নিকট হস্তান্তরের সময় তাৎক্ষণিকভাবে মৃতদেহ পরিবহণ ও দাফন খরচ বাবদ ৯৩৭ জন কর্মীর পরিবারকে ৩ কোটি ২৭ লক্ষ ৯৫ হাজার টাকা আর্থিক সাহায্য প্রদান করা হয়েছে।

**আর্থিক অনুদান প্রদান:** প্রবাসে মৃত ১৫৭২ জন কর্মীর পরিবারকে ৪৪ কোটি ১৫ লক্ষ ৪৯ হাজার ৬৯৪ টাকা আর্থিক অনুদান প্রদান করা হয়েছে।

**ক্ষতিপূরণ/বকেয়া বেতন/ইস্যুরেন্স/সার্ভিস বেনিফিট এর অর্থ বিতরণ:** প্রবাসে মৃত্যুবরণকারী ৩৯৭ জন কর্মীর অনুকূলে ক্ষতিপূরণ/বকেয়া বেতন/ইস্যুরেন্স/সার্ভিস বেনিফিট হিসেবে আদায়কৃত ১৮ কোটি ১৫ লক্ষ ৩৫ হাজার ১৪১ টাকা তাদের পরিবারের মধ্যে বিতরণ প্রদান করা হয়েছে।


**অসুস্থ কর্মীদের আর্থিক সাহায্য প্রদান:** প্রবাস হতে অসুস্থ কর্মীদেরকে দেশে আনয়ন এবং এই সময়ে ফেরত আসা ২৬ জন কর্মীকে চিকিৎসা সহায়তা বাবদ ৩৪ লক্ষ ৫০ হাজার টাকা প্রদান করা হয়েছে।

**ব্রিফিং প্রদান:** বিদেশ গমনেচ্ছ ১৬ হাজার ২৪৮ জন কর্মীকে সংশ্লিষ্ট দেশের আইন-কানুন, রীতি-নীতি, ভাষা, পরিবেশ, আবহাওয়া, অধিকার-কর্তব্য ইত্যাদি সম্পর্কে প্রাক বহির্গমন ব্রিফিং প্রদান করা হয়।

**শিক্ষাবৃত্তি প্রদান:** প্রবাসী কর্মীর মেধাবী ৭০২ জন শিক্ষার্থীকে ১ কোটি ৫ লক্ষ ৯৩ হাজার ৫০০ টাকা প্রদান করা হয়েছে।

**বিমানবন্দরস্থ প্রবাসী কল্যাণ ডেস্ক কর্তৃক বিদেশগামী কর্মীদের সহায়তা:** তিনটি আন্তর্জাতিক বিমানবন্দরে স্থাপিত প্রবাসী কল্যাণ ডেস্কের মাধ্যমে বিদেশগামী ২ লক্ষ ৩৪ হাজার ৪৯১ জন কর্মীকে বিদেশ গমনকালে সহায়তা প্রদান করা হয়েছে।

**প্রবাসবন্ধু কল সেন্টার স্থাপন:** বিদেশে কর্মরত কর্মীদের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার লক্ষ্যে প্রবাসবন্ধু কলসেন্টার স্থাপন করা হয়েছে।

  
(মোঃ নূরুল হোসেন)  
উপ সচিব

পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)  
ফোন : ০২-৯৩৪৩২৪৭  
d.ad@wewb.gov.bd

সচিব

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

দৃষ্টি আকর্ষণঃ সিনিয়র সহকারী সচিব (সংসদ ও সমন্বয় শাখা)।

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।

২। জনাব পাঞ্জু মজুমদার, প্রোগ্রাম (ওয়েব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।

(ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)

৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৪। অফিস নথি/২০১৬।